

একই তারিখ ও একই স্মারকের স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৭২.০১.০০.০২৭.২০১১-(২য় খন্ড)-৫৮২

তারিখঃ ০৮.১২.২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বতন্ত্র স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) খাতে অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে ৩য় কিস্তির অর্থ ছাড়করণ সংক্রান্ত।

জনাব

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ১০.১১.২০১৬ তারিখের নং-৪৫.১৭২.০১.০০.০২৭.২০১১-(২য় খন্ড)-৫১০ সংখ্যক সরকারি আদেশে অনুমোদিত সংশোধিত বিভাজন অনুযায়ী স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতে অর্থ বিভাগের সম্মতিক্রমে ৩য় কিস্তি বাবদ ৫৬.৪২৫ লক্ষ (রাজস্ব-৫৬.৪২৫ লক্ষ + মূলধন-০.০০লক্ষ) টাকা ছাড়করণে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

শর্তাবলী:

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে;
- (গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (ঘ) ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ১ম-৩য় কিস্তির ব্যয়ের হিসাব বিবরণী প্রেরণ করতে হবে।

- ০২। এই ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) শীর্ষক অপারেশনাল প্লান হতে বহন করা হবে;
- ০৩। অপারেশনাল প্লানে বর্ণিত কোড/সাব কোড ভিত্তিক বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত/কার্যকর চুক্তির শর্ত মোতাবেক সরকারি সকল আর্থিক বিধিবিধান ও নিয়মাতার যথাযথভাবে প্রতিপালনপূর্বক এই অর্থ ব্যয় করতে হবে;
- ০৪। লাইন ডাইরেক্টর কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেটে নির্ধারিত সময়ের মধ্যে ব্যয়ের হিসাব, চুক্তি ও ব্যয়ের সমর্থনে অন্যান্য দলিলপত্রসহ প্রকৃত ব্যয়ের রিপোর্ট (ফিন্যান্সিয়াল মনিটরিং রিপোর্ট) মন্ত্রণালয়ের এফ,এম,এ,ইউ- তে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ০৬। এই আদেশ অর্থ বিভাগের ১০.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ০৮.১২.২০১৬ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.০৪.২০১২-১০০ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতির আলোকে জারি করা হলো।

(হাসান মাহমুদ)

উপসচিব

ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd

নং- ৪৫.১৭২.০১.০০.০২৭.২০১১-(২য় খন্ড)-৫৮২/১(৯)

তারিখঃ ০৮.১২.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। উপসচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। লাইন ডাইরেক্টর, ইন-সার্ভিস ট্রেনিং, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(হাসান মাহমুদ)

উপসচিব